


দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক




সোমবার | ৫ ফেব্রুয়ারি ২০২৪ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬৪তম বর্ষ ১৫২ সংখ্যা | ২২ মাঘ ১৪৩০ সাল | ২৩ রজব ১৪৪৫ হিজরি | ৮ পৃষ্ঠা | ৭ টাকা




*আইআইইউসিতে মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন প্রফেসর আবু রেজা মোহাম্মদ নেজামুদ্দিন নদভী*

## মতবিনিময় সভায় ড. আবু রেজা নদভী

# আইআইইউসির সাথে তুরস্কের দিয়ানত ফাউন্ডেশনের সহযোগিতামূলক সম্পর্ক

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের (আইআইইউসি) ইন্টারন্যাশনাল এ্যাফেয়ার্স এন্ড স্টুডেন্ট ওয়েলফেয়ার ডিভিশনের উদ্যোগে তুর্কী দিয়ানত ফাউন্ডেশনের স্কলারশিপ প্রাপ্ত শিক্ষার্থীদের সাথে এক মতবিনিময় সভা গতকাল আইআইইউসির সেন্ট্রাল অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়েছে। মতবিনিময় সভায় প্রধান অতিথি ছিলেন আইআইইউসির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মোহাম্মদ নেজামুদ্দিন নদভী।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, তুরস্কের সাথে বাংলাদেশের সম্পর্ক দীর্ঘদিনের। ২০১৩ সাল থেকেই আইআইইউসির সাথে তুরস্কের দিয়ানত ফাউন্ডেশনের সাথে চমৎকার সহযোগিতামূলক সম্পর্ক বিদ্যমান। তারা আইআইইউসির ১৯২ জন ছাত্রছাত্রীদের পূর্ণ-স্কলারশিপ দিয়ে আসছে যা আগামীতে আরো বৃদ্ধি পাবে ইনশাআল্লাহ। মতবিনিময় সভার বিশেষ অতিথি ছিলেন আইআইইউসির উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম। মতবিনিময় সভার সম্মানিত অতিথি তুর্কী দিয়ানত ফাউন্ডেশনের আফ্রিকা ও এশিয়া অঞ্চলের কো-অর্ডিনেটর ফোরকান মোস্তফা আকচাকিল তাঁর বক্তব্যে বলেন, বিশ্ব মুসলিমরা পরস্পর ভাই ভাই, তাই এক উম্মাহ হিসেবে তুরস্ক বিশ্বের ১৩৮ দেশের মানুষের জন্য কাজ করে, একদশক ধরে আইআইইউসির সাথে সফলভাবে কাজ করছে দিয়ানত ফাউন্ডেশন। মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজের ভাইস-চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দীন মোহাম্মদ। সভায় আরও উপস্থিত ছিলেন তুর্কী দিয়ানত ফাউন্ডেশনের কান্ট্রি ডিরেক্টর আফজালুর রহমান, আইআইইউসির রেজিস্ট্রার এএফএম আক্তারুজ্জামান কায়সার, প্রক্টর মোঃ ইফতেখার উদ্দিন, ইংরেজি বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ছরওয়ার আলম, দাওয়াহ এন্ড ইসলামিক ইসলামিক স্টাডিজ বিভাগের লেকচারার আব্দুর রহিম প্রমুখ। মতবিনিময় সভা সঞ্চালনা করেন ইন্টারন্যাশনাল এ্যাফেয়ার্স এন্ড স্টুডেন্ট ওয়েলফেয়ার ডিভিশনের ভারপ্রাপ্ত পরিচালক মোঃ মাহফুজুর রহমান। পরে শিক্ষার্থীদের হাতে স্কলারশিপ তুলে দেয়া হয়। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Dainik Azadi, Date: 05 February 2024, Page: 2, Col: 3
https://bn.edainikazadi.net/index.php?page=1&date=2024-02-05

চট্টগ্রাম সোমবার ৫ ফেব্রুয়ারি ২০২৪

দৈনিক পূর্বকোণ

মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত

রেজিঃ নম্বর-চ-৮৯ । । ৩৮তম বর্ষ ৩৪৫তম সংখ্যা । । ২২ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ । । ২৩ রজব ১৪৪৫ হিজরি । । Monday 5 February 2024 । । ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone

কনফিডেন্সসিমেন্ট
A গ্রেড ক্লিংকার
01755550035-36

দৈনিক পূর্বকোণ
ব্রেকিং নিউজ পেতে যে কোন রবি/এয়ারটেল নাম্বার থেকে ডায়াল করুন *213*3368#
*২.৬৭ টাকা চার্জ প্রযোজ্য




আইআইইউসি'র মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন প্রফেসর ড. আবু রেজা মোহাম্মদ নেজামুদ্দিন নদভী

# তুরস্কের সাথে বাংলাদেশের সম্পর্ক দীর্ঘদিনের : ড. আবু রেজা নদভী

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর ইন্টারন্যাশনাল এফেয়ার্স এন্ড স্টুডেন্ট ওয়েলফেয়ার ডিভিশনের উদ্যোগে তুর্কী দিয়ানত ফাউন্ডেশনের স্কলারশিপ প্রাপ্ত শিক্ষার্থীদের সাথে এক মতবিনিময় সভা গতকাল রবিবার আইআইইউসির সেন্ট্রাল অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়েছে। মতবিনিময় সভায় প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মোহাম্মদ নেজামুদ্দিন নদভী। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, তুরস্কের সাথে বাংলাদেশের সম্পর্ক দীর্ঘদিনের। ২০১৩ সাল থেকেই আইআইইউসির সাথে তুরস্কের দিয়ানত ফাউন্ডেশনের সাথে চমৎকার সহযোগিতামূলক সম্পর্ক বিদ্যমান। তারা আইআইইউসি'র ১৯২ জন ছাত্র ছাত্রীদের পূর্ণ-স্কলারশীপ দিয়ে আসছে যা আগামীতে আরো বৃদ্ধি পাবে ইনশা আল্লাহ। মতবিনিময় সভার বিশেষ অতিথি আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম বলেন, দিয়ানত ফাউন্ডেশন স্বনামধন্য সংস্থা যা শিক্ষা ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে, তিনি আইআইইউসি'র ছাত্র ছাত্রী বিবেচনায় এ স্কলারশীপের সংখ্যা আরো বাড়বে বলে আশাবাদ ব্যক্ত করেন। মতবিনিময় সভার অতিথি তুর্কী দিয়ানত ফাউন্ডেশনের আফ্রিকা ও এশিয়া অঞ্চলের কো-অর্ডিনেটর ফোরকান মোস্তফা আকচাকিল তাঁর বক্তব্যে বলেন, বিশ্ব মুসলিমরা পরস্পর ভাই ভাই, তাই এক উম্মাহ হিসেবে তুরস্ক বিশ্বের ১৩৮ দেশের মানুষের জন্য কাজ করে, একদশক ধরে আইআইইউসির সাথে সফলভাবে কাজ করছে দিয়ানত ফাউন্ডেশন। মতবিনিময় সভার সভাপতির বক্তব্য রাখেন আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজ এর ভাইস-চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দীন মোহাম্মদ। মতবিনিময় সভায় আরও উপস্থিত ছিলেন তুর্কী দিয়ানত ফাউন্ডেশনের কান্ট্রি ডিরেক্টর আফজালুর রহমান, আইআইইউসির রেজিস্ট্রার এএফএম আক্তারুজ্জামান কায়সার, প্রক্টর মো. ইফতেখার উদ্দিন, ইংরেজি বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ছরওয়ার আলম, দাওয়াহ এন্ড ইসলামিক ইসলামিক স্টাডিজ বিভাগের লেকচারার আব্দুর রহিম প্রমুখ। মতবিনিময় সভায় সঞ্চালনা করেন ইন্টারন্যাশনাল এফেয়ার্স এন্ড স্টুডেন্ট ওয়েলফেয়ার ডিভিশনের ভারপ্রাপ্ত পরিচালক মো. মাহফুজুর রহমান। পরে শিক্ষার্থীদের হাতে স্কলারশীপ তুলে দেয়া হয়।-বিজ্ঞপ্তি

Ref: Dainik Purbokone, Date: 05 February 2024, Page: 3, Col: 5
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2024-02-05

সোমবার
চট্টগ্রাম
৫ ফেব্রুয়ারি ২০২৪
২২ মাঘ ১৪৩০
২৩ রজব ১৪৪৫
বর্ষ-১২, সংখ্যা-৫৫

আস্থায় সংযোগে চট্টগ্রামের সবিশেষ ১ যুগে পূর্বদেশ

দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

পার্কভিউ হসপিটাল লিমিটেড
৯৪/১০৩, কাতালগঞ্জ রোড, পাঁচলাইশ, চট্টগ্রাম
24/7 চালু টেলিফোন ও মোবাইল নাম্বার সমূহ
টিএনটি ফোন নাম্বার: 02-334455071-6, 02-334451901-6
মোবাইল নাম্বার: 01976-022111, 01976-022333

www.dailypurbodesh.com | প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ | ৮ পৃষ্ঠা | ৭ টাকা

সিঁড়ি ব্যবহারের উপকারিতা | ৩
সিন্ডিকেট কারসাজি থেকে পরিত্রাণ জরুরি | ৪
ইরানের সস্তা ড্রোন যেভাবে পাল্টে দিচ্ছে যুদ্ধের ধরন | ৬
সাগরিকার গোলে ভারতকে হারিয়ে ফাইনালে বাংলাদেশ | ৮




সভায় বক্তব্য দেন আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজ এর চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মোহাম্মদ নেজামুদ্দিন নদভী

# তুরস্কের সাথে বাংলাদেশের সম্পর্ক দীর্ঘদিনের : নদভী

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর ইন্টারন্যাশনাল এফেয়ার্স এন্ড স্টুডেন্ট ওয়েলফেয়ার ডিভিশনের উদ্যোগে তূর্কী দিয়ানত ফাউন্ডেশনের স্কলারশিপ প্রাপ্ত শিক্ষার্থীদের সাথে মতবিনিময় সভা ৪ ফেব্রুয়ারি আইআইইউসির সেন্ট্রাল অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়েছে। সভায় প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর বোর্ড অব ট্রাস্টিজ এর চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মোহাম্মদ নেজামুদ্দিন নদভী।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, তুরস্কের সাথে বাংলাদেশের সম্পর্ক দীর্ঘদিনের। ২০১৩ সাল থেকেই আইআইইউসির সাথে তুরস্কের দিয়ানত ফাউন্ডেশনের সাথে চমৎকার সহযোগিতামূলক সম্পর্ক বিদ্যমান। তারা আইআইইউসি'র ১৯২ জন ছাত্র ছাত্রীদের পূর্ণ-স্কলারশীপ দিয়ে আসছে যা আগামীতে আরো বৃদ্ধি পাবে ইনশা আল্লাহ। মতবিনিময় সভার বিশেষ অতিথি আইআইইউসি উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম বলেন, দিয়ানত ফাউন্ডেশন স্বনামধন্য সংস্থা যা শিক্ষা ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে, তিনি আইআইইউসি'র ছাত্র ছাত্রী বিবেচনায় এ স্কলারশীপের সংখ্যা আরো বাড়বে বলে আশাবাদ ব্যক্ত করেন। মতবিনিময় সভার অতিথি তূর্কী দিয়ানত ফাউন্ডেশনের আফ্রিকা ও এশিয়া অঞ্চলের কো-অর্ডিনেটর ফোরকান মোস্তফা আকচাকিল্ল তাঁর বলেন, বিশ্ব মুসলিমরা পরস্পর ভাই ভাই, তাই এক উম্মাহ হিসেবে তুরস্ক বিশ্বের ১৩৮ দেশের মানুষের জন্য কাজ করে, এক দশক ধরে আইআইইউসির সাথে সফলভাবে কাজ করছে দিয়ানত ফাউন্ডেশন।

সভাপতির বক্তব্যে আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজ এর ভাইস-চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দীন মোহাম্মদ বলেন, যে উদ্দেশ্যে স্কলারশীপ দেয়া হয় শিক্ষার্থীরা যাতে তা ভুলে না যায়, ভালো রেজাল্ট করে নিজেদের যোগ্য ও আদর্শ নাগরিক হিসেবে গড়ে তুলতে হবে। সভায় আরও উপস্থিত ছিলেন তূর্কী দিয়ানত ফাউন্ডেশনের কান্ট্রি ডিরেক্টর আফজালুর রহমান, আইআইইউসির রেজিস্ট্রার এএফএম আক্তারুজ্জামান কায়সার, প্রক্টর মো. ইফতেখার উদ্দিন, ইংরেজি বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ছরওয়ার আলম, দাওয়াহ এন্ড ইসলামিক ইসলামিক স্টাডিজ বিভাগের লেকচারার আব্দুর রহিম প্রমুখ। মতবিনিময় সভা সঞ্চালনা করেন ইন্টারন্যাশনাল এফেয়ার্স এন্ড স্টুডেন্ট ওয়েলফেয়ার ডিভিশনের ভারপ্রাপ্ত পরিচালক মো. মাহফুজুর রহমান। পরে শিক্ষার্থীদের হাতে স্কলারশীপ তুলে দেয়া হয়। বিজ্ঞপ্তি

Ref: Dainik Purbodesh, Date: 05 February 2024, Page: 2, Col: 1
https://epurbodesh.com/m/96559/65bfd00b42c42